



স্পন্দন

SPANDON

১৫ তম বর্ষ | ৩য় সংখ্যা
জানুয়ারী - মার্চ ২০১৯

15th YEAR | 3rd EDITION
JANUARY - MARCH 2019

লিঙ্গ বৈচিত্র্যময় ও হিজড়া জনগোষ্ঠীর
স্বাস্থ্য এবং সামাজিক সেবা প্রদান
বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা

A QUARTERLY NEWSLETTER ON HEALTH
AND SOCIAL SERVICES OF GENDER
DIVERSIFIED AND HIJRA POPULATION

সম্পাদকীয়

EDITORIAL

"Coming together is a beginning, Staying together is a progress and working together is a success" said Hervy Ford. Teamwork is the ability to work together toward a common vision. The ability to direct individual accomplishments towards organizational objectives. It is the fuel that allows common people to attain uncommon results.

With the support from each other SPANDON has just been stepped in to it's 15 years successfully. We would like to convey our heartiest thanks and gratitude to each and every compeer of our journey. During this edition of SPANDON (April-June, 2019), we have focused some significant initiatives on reducing on reducing spread of HIV/ AIDS, empowerment, voting rights, paving the way for obtaining their social justice, equality, sexual and reproductive health and rights (SRHR) and participation of gender diverse population in mainstreaming society. We expect this population will enjoy the fundamental and basic human rights like others in this sophisticated world and this is why we need to bring radical change in our mindset and within the larger society as well.

Surpasses all limitations, we are expecting your cooperation to continue our "SPANDON" in future successfully.

“একসাথে আসা একটি সূচনা, একসাথে থাকা একটি অগ্রগতি এবং একসাথে কাজ করা একটি সাফল্য”। কথাগুলো বলেছেন হার্ভে ফোর্ড। সাধারণভাবে দেখলে, দলীয় কাজ হল একসাথে কাজ করার ক্ষমতা। সংগঠনের উদ্দেশ্যের দিকে চিন্তা করলে বলা যায় স্বতন্ত্র সাফল্যকে পরিচালিত করার ক্ষমতা। দলীয় কাজ হচ্ছে এমন একটি জ্বালানী যা মানুষকে কার্যকরী ফলাফল অর্জন করতে সহায়তা করে।

সকলের সহযোগিতায় সমৃদ্ধ হয়ে “স্পন্দন” পনের বছরে পা রেখেছে। আমরা আমাদের এই যাত্রার প্রত্যেক সহযোগীকে আমাদের হৃদয় উৎসারী ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে চাই। স্পন্দনের এই প্রকাশনায় (এপ্রিল-জুন, ২০১৯) আমরা লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠীর মাঝে এইচআইভি/ এইডস কর্মসূচীর সাফল্য অর্জনে পদক্ষেপ, ক্ষমতায়ন, ভোটের অধিকার, একই সাথে তারা যাতে সামাজিক ন্যায় বিচার, সমতার অধিকার, যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (এসআরএইচআর) এবং সমাজে মূল স্রোতধারায় এই জনগোষ্ঠীর অংশগ্রহণ ইত্যাদি বিষয়গুলো তুলে ধরেছি। আমরা আশাকরি সমাজের সকল মানুষের মত এই জনগোষ্ঠী যেন সকল প্রকার মৌলিক এবং মানবিক অধিকারগুলো পূরণ করতে সক্ষম হয়। এজন্য দরকার আমাদের প্রচলিত সমাজ ব্যবস্থা এবং মানসিকতার পরিবর্তন সাধন করা। সকল সীমাবদ্ধতাকে অতিক্রম করে “স্পন্দন” কে সামনে এগিয়ে নিয়ে যেতে আমরা আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

KEY figures

Australian
of Bandhu

APR - JUN

2019

HEALTH CARE SERVICES

Received Services



19347 Project Participants

Participated in Group Education Session (GES)



2768 Project Participants

Received HIV testing and Counseling (HTC) services and knows their results



2902 Project Participants

STIs diagnosed, treated and counseled at field Office/ DIC/ SUD-DIC/ Outlet level



1837 Episodes

Counseling Session (One to one/ group/ via phone)



327 Clients

ADVOCACY PROGRAM

We advocated



1102 Stakeholders

49
Youth participants

802

Different Ambassadors, Educationalists, Law Enforcement Agencies, AIDS/ STD Program, Media Channels, Different divisional/district administration, National Human Rights Commission (NHRC), Department of Social Services, DCs, Women Affair, Civil Surgeon office, INGOs officials, public and private educational institutions, Community Based Organization (CBO) members and other influential's of the society.

29
Health Professionals

169
Legal Aid Providers

53
Media Journalists

CAPACITY BUILDING

We trained



258 people

94 Relevant Stakeholders

164 Community Members, youth participants, DIC staffs

LEGAL SUPPORT (AIN ALAP)

51

Calls Received and Provide legal Information, counseling and support



18

Cases Documented on Human Rights violation

4

Community Based Organization's implementing small-scale business for their sustainability.



14 Books newly

enlisted and **63** persons visited Gender and Sexuality Resource Centre



TRANSGENDER COMMUNITY IN BANGLADESH FINALLY GRANTED FULL VOTING RIGHTS

Bangladesh's transgender community has finally been granted the right to use their correct identity to register as a voter.

Government officials have given full recognition to the hijras cultural status by creating a specialist "third gender" category on Bangladesh's national voters list. Previously, the hijra community could only sign up to vote as men or women - but many avoided doing so because they did not feel adequately represented. Now, individuals can register to vote using their own identity as a hijra.

"From now onward, a third gender individual can be a voter with their own identity, as a hijra," said Abdul Baten, the Director of National Identity Registration. "The press has already been ordered to print the new forms. Now they can identify themselves as hijras on the national voters list."

Historically, they enjoyed a semi-sacred status in Bangladesh and earned their living by singing and dancing at social celebrations like weddings. They were even invited to bless married couples and newborn babies. However, over time, attitudes towards the group soured and they have become marginalized within Bangladeshi society, excluded from cultural, religious, political and professional life.

অবশেষে পূর্ণ ভোটাধিকার নিশ্চিত হলো বাংলাদেশের হিজড়া সম্প্রদায়ের

বাংলাদেশের হিজড়া সম্প্রদায়কে অবশেষে ভোটার হিসেবে নিবন্ধন করে তাদের সঠিক পরিচয় ব্যবহার করার অধিকার দেয়া হয়েছে।

সরকারিভাবে জাতীয় ভোটার তালিকায় "তৃতীয় লিঙ্গ" বিভাগ তৈরি করে হিজড়াদের সাংস্কৃতিক মর্যাদাকে সম্পূর্ণ স্বীকৃতি দেয়া হয়েছে। পূর্বে হিজড়া সদস্যরা কেবল পুরুষ বা নারী হিসেবে নিবন্ধন করতে পারত। তবে অনেকে এই পদ্ধতি যথাযথ মনে না করায় তা এড়িয়ে গিয়েছেন। এখন প্রত্যেকে হিজড়া হিসেবে তাদের নিজস্ব পরিচয় ব্যবহার করে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন।

জাতীয় পরিচয় পত্র নিবন্ধন পরিচালক আব্দুল বাতেন জানিয়েছেন, এখন থেকে প্রত্যেক তৃতীয় লিঙ্গের ব্যক্তি হিজড়া হিসেবে তাদের নিজস্ব পরিচয়সহ ভোটার হতে পারবেন। প্রেসকে ইতিমধ্যে নতুন ফর্ম ছাপানোর আদেশ দেওয়া হয়েছে। এখন তারা জাতীয় ভোটার তালিকায় নিজেকে হিজড়া হিসেবে চিহ্নিত করতে পারেন।

দীর্ঘদিন যাবৎ হিজড়া ব্যক্তির সীমাবদ্ধ অধিকার নিয়ে চলত এবং বিবাহের মত সামাজিক অনুষ্ঠানে নাচ গান করে তাদের জীবিকা চালিয়েছে। এমনকি বিবাহিত দম্পতি এবং নবজাতক শিশুদের আশীর্বাদ করার জন্য তাদের আমন্ত্রণ জানানো হত। তবে সময়ের সাথে এই গোষ্ঠীর প্রতি মানুষের মনোভাব তিক্ত হয়ে পড়েছে এবং সাংস্কৃতিক, ধর্মীয়, রাজনৈতিক এবং পেশাদার জীবন থেকে বেরিয়ে তারা সমাজের প্রান্তিক জনগোষ্ঠীতে পরিণত হয়েছে।



MEMBER FROM TRANSGENDER COMMUNITY GOT JOB IN HOME-MINISTER'S OFFICE

Bangladesh government has taken various initiatives to create a bridge between gender diverse and mainstream population. Subsequently, The Home Ministry has created employment opportunities for one person from the Hijra community. Riyadi Shams a representative of this community has appointed as caretaker at Home Minister Asaduzzaman Khan Kamal's residence.

Riyadi's family broke ties with her four years ago. Then she joined the Hijra Sangha in Jatrabari area to earn a living. However, because of her determination and strong will she continued her studies, and got the degree in Accounting. Yet, she faced in many obstacles while looking for jobs. However, she somehow managed to get a job in a private company but lost his job after being ridiculed there. But she didn't lose hope and continued to look for jobs. Finally, after a long struggle, she got a job at the Home Minister's residence. Now she has become a very familiar face in the Home Minister's residence, and other activists here also accepted her naturally. She also helped others in that residence with education.

Hijra is a neglected community in Bangladesh and there is no census on this community. By providing such opportunities their quality of life can be improved to some extent.

স্বরাষ্ট্রমন্ত্রীর বাসভবনে চাকরি পেলেন হিজড়া সম্প্রদায়ের সদস্য

লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠীকে সমাজের মূল ধারায় ফিরিয়ে আনতে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করছে বাংলাদেশ সরকার। এরই ধারাবাহিকতায় এবার হিজড়া সম্প্রদায়ের এক বক্তির জন্য কাজের সুযোগ সৃষ্টি করে দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের রাষ্ট্রীয় বাসভবনে কেয়ারটেকার হিসেবে নিয়োগ পেয়েছেন হিজড়া সম্প্রদায়ের সদস্য রিয়াদি শামস।

চার বছর আগে পরিবার থেকে বিতাড়িত হন রিয়াদি। এরপর জীবিকার তাগিদে যোগ দেন যাত্রাবাড়ি এলাকার একটি হিজড়া সংঘে। তবে অদম্য ইচ্ছাশক্তিতে পাশাপাশি পড়াশুনাটাও চালিয়ে যান। হিসাববিজ্ঞানে ডিগ্রি লাভ করেন। কিন্তু চাকরি খোঁজা শুরু করতেই সম্মুখীন হন নানা প্রতিবন্ধকতার। হিজড়া পরিচয়ের কারণে চাকরি পাওয়া অসম্ভব হয়ে পড়ে। একটি বেসরকারী সংস্থায় চাকরি জুটলেও উপহাসের শিকার হয়ে কাজটি হারাতে হয় তাকে।

এরপর বেচে থাকার তাগিদে হন্যে হয়ে চাকরি খুঁজছিলেন রিয়াদি শামস। অবশেষে দীর্ঘ সংগ্রামের পর স্বরাষ্ট্রমন্ত্রীর রাষ্ট্রীয় বাসভবনে চাকরি পান তিনি। বর্তমানে স্বরাষ্ট্রমন্ত্রীর বাসভবনে তিনি একজন পরিচিত মুখ। এখানকার অন্য কর্মীরাও তাকে স্বাভাবিকভাবে গ্রহণ করেছে। মন্ত্রীর বাসভবনে কর্মরত অন্যদের পড়াশোনার ক্ষেত্রে সহায়তাও করেন রিয়াদি শামস।

বাংলাদেশে হিজড়ারা একটি অবহেলিত জনগোষ্ঠী। তৃতীয় লিঙ্গের স্বীকৃতি পেলেও হিজড়াদের সংখ্যার সঠিক কোন পরিসংখ্যানও নেই। তবে অতি সম্প্রতি মিলেছে তাদের ভোটাধিকার। সরকারের পাশাপাশি দেশের সর্বস্তরের জনগণের প্রচেষ্টার মাধ্যমেই এই জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সম্ভব।





JUSTICE AND PROTECTION FOR ALL: HUMANITARIAN AWARD CEREMONY

On the occasion of celebrating IDAHOT 2019 Bandhu organized an Award Ceremony Titled "Humanitarian Award Ceremony 2019: Justice and Protection for All-সুরক্ষা ও ন্যায়বিচার" তোমার-আমার-সবার" on 26th June 2019 at Eden Ball Room, Hotel Amari, Gulshan- 2, Dhaka. This event was jointly supported by AusAID, USAID and Cheap Monday. More than hundred eminent guests representing awarded guests, journalists from different print and electronic media, community members, NGOs and INGOs, representatives of Embassies USA, Australia and Denmark, USAID, lawyers, Doctors, Law Enforcement Agencies, National Human Rights Commission (NHRC), Lecturer and Professor from different educational institutes attended. The objective of the event was to develop strong network among the gender diverse population and different stakeholders in Bangladesh.

Chairperson of Bandhu Mr. Anisul Islam Hero thanked all the organizations and individuals who always supported Bandhu's work and congratulating all the awardees and thanking everyone who were present there in his opening remarks.

Ten people were awarded for their special contribution in different sectors. They are; Poly Hijra, President, Diner Alo Hijra Sangho, Rajshahi ; Bidhan Tripura PPM (Bar), AIG (Land and Estate),

সকলের জন্য ন্যায় বিচার ও সুরক্ষাঃ মানবিক কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার

IDAHOT ২০১৯ উদযাপন উপলক্ষে গত ২৬ শে জুন হোটেল আমারীর ইডেন বল রুমে "Humanitarian Award Ceremony 2019: Justice and Protection for All-সুরক্ষা ও ন্যায়বিচারঃ তোমার-আমার-সবার" শীর্ষক একটি পুরস্কার অনুষ্ঠানের আয়োজন করে। AusAID, USAID এবং Cheap Monday এর যৌথ আর্থিক সহায়তায় অনুষ্ঠানটি সম্পন্ন হয়। বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক; লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠী; এনজিও এবং আন্তর্জাতিক এনজিও; মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া এবং ডেনমার্ক দূতাবাসের প্রতিনিধিগণ; ইউএসএআইডিএর প্রতিনিধি; আইনজীবী ডাক্তার; আইন প্রয়োগকারী সংস্থা; জাতীয় মানবাধিকার কমিশন (এনএইচআরসি) বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকসহ অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন প্রায় শতাধিক অতিথি। অনুষ্ঠানের উদ্দেশ্য ছিল বাংলাদেশের লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠী এবং বিভিন্ন সেক্টরহোল্ডারদের মধ্যে শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা।

বন্ধুর চেয়ারপার্সন জনাব আনিসুল ইসলাম হিরু তার উদ্বোধনী বক্তব্যে উপস্থিত সকল সংস্থা এবং ব্যক্তিদের ধন্যবাদ জানান, যারা সবসময় বন্ধুর কাজকে সমর্থন যোগান। এরপর তিনি পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানান এবং সকলকে লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠীর উন্নয়নে এগিয়ে আসার অহ্বান জানান।

বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য দশ জনকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন পলি হিজড়া- সভাপতি, দিনের আলো হিজড়া সংঘ, রাজশাহী; জনাব বিধান ত্রিপুরা,

Bangladesh Police ; Denim Expert Ltd., Chattogram; Robaet Ferdous, Professor, Department of Mass Communication and Journalism, University of Dhaka; Professor Dr. Ratan Siddique, Distinguished Educator and Dramatist; Professor Dr. Md Shamiul Islam, Director, MBDC & Line Director, TBL-ASP, DGHS; National Legal Aid and Services Organization (NILASO); Channel I, Dhaka, Bangladesh; Ain o Shalish Kendra (ASK), A legal right and human rights organization; Kabirul Islam Ratan, Dance Director and Choreographer. Chief Guest and special guests distributed the awards to the awardees. All the awardees shared their note of thanks and their feelings for receiving this award.


H.E. Julia Niblett, High Commissioner of Australia to Bangladesh said "it is great to be here in this occasion and thanked Bandhu for arranging this event. She also praised all the awardees for their contribution. From her experience of Australia, she knows that protecting rights is a tough journey. The works Bandhu does is vitally important. She suggested that all should work together including media and other sectors to reaching the goal. We people of Australia are very proud of the work of Bandhu and I want to salute your courage and all the developments."

H.E. Winnie Estrup Peterson, Ambassador of Denmark to Bangladesh said "It is a real pleasure to be here. And congratulations to all awardees and I am very touched to learn about their works and stories. Gender diversity is one of the areas where humans are differentiating from each other. However, gender individuals still face discrimination in public though they are equal

পিপিএম (বার), এআইজি (ভূমি ও সম্পত্তি), বাংলাদেশ পুলিশ; ডেনিম এক্সপার্ট লিমিটেড, চট্টগ্রাম; রোবায়ত ফেরদৌস, অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; অধ্যাপক ড. রতন সিদ্দিকি, বিশিষ্ট শিক্ষাবিদ ও নাট্যকার; অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম, পরিচালক, এমবিডিসি ও লাইন পরিচালক, টিবিএল-এএসপি, ডিজিএইচএস; জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (এনএলএসও); চ্যানেল আই, ঢাকা, বাংলাদেশ; আইন ও সালিশ কেন্দ্র (এএসকে, একটি আইনী অধিকার এবং মানবাধিকার সংস্থা); নৃত্য পরিচালক ও কোরিওগ্রাফার কবিরুল ইসলাম রতন। প্রধান অতিথি এবং বিশেষ অতিথিরা তাদের মাঝে পুরস্কার বিতরণ করেন। পুরস্কারপ্রাপ্তরা এই পুরস্কার পাওয়ার জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে তাদের অনুভূতি ব্যক্ত করেন।

বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান হাই কমিশনার জুলিয়া নিবলেট বলেন, "এখানে উপস্থিত হয়ে খুব ভালো লাগল" এবং এ ধরনের উদ্যোগের জন্য তিনি বন্ধুকে ধন্যবাদ জানান। তিনি পুরস্কারপ্রাপ্তদের প্রশংসা করে বলেন "আমার অভিজ্ঞতা থেকে জানি যে অধিকার রক্ষা করা একটি কঠিন কাজ। বন্ধু যে কাজগুলি করেছে তা খুব গুরুত্বপূর্ণ।" তিনি পরামর্শ দেন যে লক্ষ্যে পৌঁছানোর জন্য মিডিয়া এবং অন্যান্য সকলকে একত্রে কাজ করা উচিত। তিনি বলেন, "আমরা বন্ধুর কাজের জন্য অত্যন্ত গর্বিত এবং আমি আপনাদের সাহস এবং উন্নয়নের অগ্রযাত্রাকে স্যালুট জানাই"।

ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি এসট্রাপ পিটারসন বলেন, "পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানাই। আমি তাদের কাজ সম্পর্কে জেনে খুব খুশী হয়েছি। লিঙ্গ বৈচিত্র্যতা একটি অন্যতম ক্ষেত্র যার ভিত্তিতে মানুষ একে অপরকে পৃথক করে চলেছে। যাই হোক, সব লিঙ্গের মানুষ আইন অনুযায়ী সমান হলেও তারা জনসমক্ষে বৈষম্যের শিকার হন। কাউকে পিছনে ফেলে রাখা যাবে না। আমাদের অবশ্যই একসাথে





by law. We must leave no one behind. We must work together and developed agenda. Civil society organizations like Bandhu are playing important role in this sector."

US Ambassador H.E. Earl R Miller addressed "In many countries including Bangladesh and US gender diverse population are struggling just for who they are. All people should enjoy freedom without being discriminated. For the young people in the audience today, this world, even if it is full of chaos and violence and discrimination it is still yours. You should make it a peaceful and equal place for all. When we hear injustice, we can do something but we chose not to do anything. We should make up our mind in such way wherever we will see anything wrong we should raise our voice against it."

Shale Ahmed, Executive Director of Bandhu Social Welfare Society presented the closing remarks and vote of thanks. He addressed "I am pleased and thankful to all for giving their important time. This award ceremony was arranged to give thanks to those who contributed to this community. We will continue to do this so that people have motivations to continue their excellent works."

In the last part of the event, the "Essence of Soul" performed a beautiful dance performance for the guests. This was a thematic dance presentation titled 'Beautiful Bangladesh 'Dance in Bangladesh is predominantly folk based.

কাজ করতে হবে এবং এজেন্ডা বাস্তবায়ন করতে হবে। বন্ধুর মত সামাজিক সংগঠনগুলি এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে”।

মার্কিন রাষ্ট্রদূত আর্ল আর মিলার বলেন, "বাংলাদেশ এবং আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠী তাদের পরিচয়ের জন্য সংগ্রাম করছে। স্বাধীনতা সকলের অধিকার, এক্ষেত্রে বৈষম্য কাম্য নয়। আজকের দর্শকসারিতে থাকা যুবকদের উদ্দেশ্যে বলছি, এই বিশ্বে বিশৃঙ্খলা, সহিংসতা ও বৈষম্য থাকলেও এই পৃথিবী আপনাই। আপনাদেরই এই বিশ্বেটাকে সকলের জন্য সমান অধিকারের জায়গা হিসেবে তৈরি করে নিতে হবে। যখন আমরা অন্যায়ের কথা শুনি তখন আমরা চাইলে হয়তো কিছু করতে পারি তবে আমরা প্রতিবাদ করিনা। আমাদের এই মানসিকতা তৈরি করতে হবে যে, কোথাও কোন অন্যায় দেখলে আমরা তার বিরুদ্ধে কথা বলবো।

বন্ধুর নির্বাহী পরিচালক সালেহ আহমেদ সমাপনী বক্তব্যে সকলকে ধন্যবাদ প্রদান করেন। তিনি বলেন, “আমি কৃতজ্ঞ আপনাদের প্রতি গুরুত্বপূর্ণ সময় এখানে ব্যয় করার জন্য। যারা এই সমাজ পরিবর্তনে বিভিন্নভাবে অবদান রেখেছেন তাদের জন্যই মূলত আজকের এই সম্মাননার ব্যবস্থা। আমরা এই উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত রাখবো যাতে মানুষজন তাদের কল্যানকর কাজ চালিয়ে যাওয়ার জন্য অনুপ্রেরণা পায়।

অনুষ্ঠানের শেষ অংশে, হিজড়া সদস্যদের নাট্যদল “এসেন্স অব সৌল” অতিথিদের জন্য সুন্দর নৃত্য পরিবেশনা করে। এটি ছিল ‘সৌন্দর্যের বাংলাদেশ’ শিরোনামে একটি লোকনৃত্য।

INFORMATION SAFETY & CAPACITY GLOBAL WORKSHOP IN NAIROBI, KENYA

The Information Safety & Capacity (ISC) Project is focused on providing advanced, sustained information security assistance to civil society organizations, human rights activists, and independent media. As a civil society and human rights organization, Bandhu is working with ISC project since 2017 as a local partner. The ISC Project provides mentoring and support services to assist stakeholders in mitigating threats to their online and mobile communications. These threats can include third-party monitoring of email traffic and content, attacks or forced closure of websites, computer infection by malware and viruses, recording of SMS/text messaging and mobile telephone conversations, and broad censorship of online content.

The Information Safety & Capacity Global Workshop, held in Kenya on 15-17 July, 2019 and participants from South America, Europe and Asia region. In the workshop various session topics that range from how to advocate for a free, open, inclusive, secure, and democratic Internet, to the ramifications that digital surveillance and disinformation campaigns were discussed. The workshop had covered the most up-to-date and relevant trends and threats in the information security and Internet governance field, while gathering leaders in the tech industry and pairing them with frontline activists.

Mr. Rofiqul Islam, Deputy Manger-Information Technology and Mr. Tanvir Islam, Assistant Manager-Legal Support & Security participated from Bandhu at Global Workshop on Information Safety & Capacity and partly represented Bangladesh Platform.

তথ্য নিরাপত্তা ও সক্ষমতা বিষয়ক বৈশ্বিক কর্মশালা, নাইরোবি, কেনিয়া

তথ্য নিরাপত্তা ও সক্ষমতা (আইএসসি) প্রকল্পটি সুশীল সমাজ সংস্থা, মানবাধিকারকর্মী এবং স্বাধীন মিডিয়াকে উন্নত, টেকসই তথ্য সুরক্ষা সহায়তা প্রদানের দিকে দৃষ্টি আকর্ষণ করেছে। একটি নাগরিক সমাজ এবং মানবাধিকার সংস্থা হিসেবে বন্ধু স্থানীয় অংশীদারিত্বে ২০১৭ সাল থেকে আইএসসি প্রকল্পের সাথে কাজ করেছে। আইএসসি প্রকল্প স্টেকহোল্ডারদের তাদের অনলাইন এবং মোবাইল যোগাযোগের জন্য হুমকি হ্রাসে সহায়তা করার জন্য পরামর্শদাতা এবং সহায়তা পরিষেবা সরবরাহ করে। এই হুমকির মধ্যে ইমেইল ট্র্যাফিক, তৃতীয় পক্ষের পর্যবেক্ষণ, ওয়েবসাইটে আক্রমণ বা বন্ধ করে দেওয়া, ম্যালওয়্যার এবং ভাইরাস দ্বারা কম্পিউটার সংক্রমণ, এসএমএস / পাঠ্য বার্তা রেকর্ডিং এবং মোবাইল টেলিফোন কথোপকথন এবং অনলাইন সামগ্রীর সেন্সরশিপ ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে।



১৫-১৭ জুলাই, ২০১৯-তে কেনিয়ায় অনুষ্ঠিত ইনফরমেশন সেফটি অ্যান্ড ক্যাপাসিটি গ্লোবাল ওয়ার্কশপে দক্ষিণ আমেরিকা, ইউরোপ এবং এশিয়া অঞ্চল অংশ নেয়। কর্মশালায় একটি উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক, সুরক্ষিত, এবং গণতান্ত্রিক ইন্টারনেটের পক্ষে কীভাবে কাজ করা যায় তা থেকে শুরু করে ডিজিটাল নজরদারি এবং বিশৃঙ্খলা প্রচারের বিষয়সহ অনেক ইস্যুতে এই সেশনে আলোচনা করা হয়। প্রযুক্তি শিল্পের নেতাদের একত্রিত করতে এবং ফ্রন্টলাইন নেতাকর্মীদের সাথে তাদের জুটি করার সময় এই কর্মশালায় তথ্য সুরক্ষা এবং ইন্টারনেট পরিচালনার ক্ষেত্রে সর্বাধিক আধুনিক ও প্রাসঙ্গিক প্রবণতা এবং হুমকির

বিষয়টিও অন্তর্ভুক্ত করা হয়। বন্ধুর পক্ষ থেকে তথ্য প্রযুক্তি বিভাগের ডেপুটি ম্যানেজার জনাব রফিকুল ইসলাম, এবং আইনী সহায়তা ও সুরক্ষা বিভাগের অ্যাসিস্টেন্টে ম্যানেজার জনাব তানভীর ইসলাম এই গ্লোবাল ওয়ার্কশপে অংশ নেন এবং আংশিকভাবে বাংলাদেশ প্ল্যাটফর্মের প্রতিনিধিত্ব করেন।

BANDHU OBSERVED NATIONAL LEGAL AID DAY-2019

National Legal Aid Day -2019 was observed by Bandhu Social Welfare Society on 28 April, 2019. According to the tagline “বঙ্গবন্ধুর সোনার বাংলায় শেখ হাসিনার অবদান, বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান”. Bandhu conducted various activities at seven regional areas including Dhaka, Chattogram, Khulna, Mymensingh, Sylhet, Barisal and Cumilla. The objective of this event was to create positive awareness on legal related issues and to provide Legal support to our Beneficiaries.

At Dhaka Bandhu participated in a Rally and a Seminar at Hotel Intercontinental organized by National Legal Aid Services Office. The seminar was inaugurated by The Prime Minister of Bangladesh Sheikh Hasina. On the other hand, Bandhu also hired a stall of legal aid fair at Ravindra Sarovar, Dhaka and DC office premises Chattogram where Bandhu representatives shared legal related information with mass people. During the fair many guests visited Bandhu's stall and gave their valuable feedback and suggestions.

To celebrate the National Legal Aid Day Bandhu also organized rally at other six areas. The rallies were

জাতীয় আইনগত সহায়তা দিবস- ২০১৯ উদযাপন করলো বন্ধু

২৮ এপ্রিল, ২০১৯ তারিখে জাতীয় আইনগত সহায়তা দিবস- ২০১৯ উদযাপন করেছে বন্ধু। “বঙ্গবন্ধুর সোনার বাংলায় শেখ হাসিনার অবদান, বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান”- এই স্লোগানকে সামনে রেখে বন্ধু ঢাকা, চট্টগ্রাম, খুলনা, ময়মনসিংহ, সিলেট, বরিশাল এবং কুমিল্লাসহ সাতটি বিভাগীয় অঞ্চলে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে। এই আয়োজনের উদ্দেশ্য ছিল আইন সম্পর্কিত বিষয়ে ইতিবাচক সচেতনতা তৈরি করা এবং বন্ধুর সুবিধাভোগীদেরকে আইনী সহায়তা প্রদান করা।

ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা আয়োজিত র্যালী এবং সেমিনারে অংশ নেয় বন্ধু যার উদ্বোধন করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অন্যদিকে, ঢাকার রবীন্দ্র সরোবরে এবং চট্টগ্রামের ডিসি অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত আইনী সহায়তা মেলায় অংশগ্রহণ করা হয়। যেখানে বন্ধুর প্রতিনিধিরা জনগণের সাথে আইনী সম্পর্কিত তথ্যাদি উপস্থাপন করেন। মেলা চলাকালীন অনেক অতিথি বন্ধুর স্টল পরিদর্শন তাদের মূল্যবান মতামত ও পরামর্শ দেন।

জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপনের জন্য অংশ হিসেবে অন্যান্য ছয়টি বিভাগীয় শহরে র্যালীতে অংশ নেয় বন্ধু। জেলা আইনি সহায়তা কমিটির সাথে যৌথভাবে



conducted jointly with district legal aid committees. Through these activities, participants oriented about the necessity of National Legal Aid Day and also the legal related issues perspective of Bangladesh. In addition, they also gathered knowledge about how to get legal support from National Legal Aid Services Offices..

সমাবেশগুলো আয়োজন করা হয়। এই কার্যকলাপের মাধ্যমে, অংশগ্রহণকারীরা জাতীয় আইনগত সহায়তা দিবসের প্রয়োজনীয়তা এবং বাংলাদেশের আইন সম্পর্কিত বিষয়গুলির সম্পর্কে জানতে পারে। এছাড়াও, জাতীয় আইনী সহায়তা প্রদান অফিসগুলি থেকে কীভাবে আইনী সহায়তা পাওয়া যায় সে সম্পর্কে জ্ঞান অর্জন করেন।

SENSITIZATION MEETING WITH DIVISIONAL JOURNALISTS

Right Here Right Now (RHRN) Bangladesh platform initiated to work together with media to create mass awareness on gender diverse communities on third gender Issues and increase social acceptances.

The sensitization meeting took place at Sylhet division to sensitize journalist on third gender issue. One of the most significant achievements of this meeting was our team eliminated their wrong idea about "real hijra" and "fake hijra". Most of the journalists have a misconception that all the Hijras are intersex. The concept of transgender was unknown to them. The community participants made it clear by telling them about Hijra culture and why a person joins Hijra community. Journalists, who were presented there, understood the sufferings of this population. Many recommendations came from the participants as well, such as; Sadikur Rahman Saki from Channel I and Radio Today said that there should be quota system for the Hijra population. Also, the participants came up with some action plans as well. Right after the event we received many news coverages of the event and the journalist participants also promised to do positive news report on transgender/ hijra community. We hope this kind of meeting will have meaningful effect on the society as media always plays a huge role on shaping public support and believe.

If we look back at the media reports few years ago most of them portrayed *Hijragiri* negatively and that should be changed. We hope by these sensitization meetings journalists will be more understanding while making a report on *Hijragiri* in future.

বিভাগীয় সাংবাদিকদের সাথে সচেতনতামূলক বৈঠক

রাইট হিয়ার রাইট নো (আরএইচআরএন) বাংলাদেশ প্ল্যাটফর্মটি লিঙ্গ বৈচিত্রময় জনগোষ্ঠী ইস্যুতে জনসচেতনতা তৈরি করতে এবং সামাজিক গ্রহণযোগ্যতা বাড়াতে গণমাধ্যমের সাথে একত্রে কাজ করার উদ্যোগ নিয়েছে।

তৃতীয় লিঙ্গ ইস্যুতে সাংবাদিকদের সচেতন করতে সিলেট বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। এই সভার সবচেয়ে উল্লেখযোগ্য সাফল্যগুলির মধ্যে ছিল হিজড়া জনগোষ্ঠী সম্পর্কে তাদের ভুল ধারণাটি সরিয়ে দেয়া। বেশিরভাগ সাংবাদিকদের একটি ভুল ধারণা ছিলো যে, সমস্ত হিজড়ারা উভয়লিঙ্গের। হিজড়ার সঠিক ধারণা তাদের অজানা ছিল। এ সম্প্রদায়ের অংশগ্রহণকারীরা হিজড়া সংস্কৃতি এবং কেন একজন ব্যক্তি হিজড়া সম্প্রদায়ের সাথে যোগ দেয় সে সম্পর্কে পরিষ্কার ধারণা দেয়া হয়। সেখানে উপস্থিত সাংবাদিকরা এই মানুষদের ভোগান্তি বুঝতে পেরেছিলেন। অংশগ্রহণকারীদের কাছ থেকে অনেকগুলি সুপারিশও এসেছে, যেমন; চ্যানেল আই এবং রেডিও টুডে থেকে সাদিকুর রহমান সাকি বলেছেন, হিজড়া জনগোষ্ঠীর জন্য কোটা ব্যবস্থা থাকা উচিত। এছাড়াও, অংশগ্রহণকারীরা কিছু কার্যকর পরিকল্পনা তুলে ধরে। অনুষ্ঠানের পরবর্তীতে সাংবাদিকগণ বেশ কিছু সংবাদ প্রকাশ করেন এবং ভবিষ্যতেও হিজড়া সম্প্রদায় বিষয়ে ইতিবাচক প্রতিবেদন করার প্রতিশ্রুতি দেন। আমরা আশা করি যে এই ধরনের সভা সমাজে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে কারণ গণমাধ্যম সর্বদা জনসাধারণের সমর্থন এবং বিশ্বাস গঠনের ক্ষেত্রে বিশাল ভূমিকা পালন করবে। গত কয়েকবছর আগের মিডিয়ার প্রতিবেদনের দিকে যদি আমরা ফিরে তাকাই, তবে দেখা যাবে যে তাদের বেশিরভাগই হিজড়া সংস্কৃতিকে নেতিবাচকভাবে চিত্রিত করেছিল এবং এটি পরিবর্তন করা উচিত। আমরা আশা করি এই সভার মাধ্যমে সাংবাদিকরা ভবিষ্যতে হিজড়া সম্প্রদায় সম্পর্কে প্রতিবেদন তৈরি করার সময় আরও সচেতন হবে।

TRAINING ON GENDER TRANSFORMATIVE APPROACH

Most of the gender-based agenda evoked in our society is mainly because of gender-based roles, responsibilities, power exercises, policies and practices. Patriarchal gender norms basically create inequality, injustice, stigma, discriminations and all other imbalances in the society. So, it is crucial to redefine and restructure gender roles and responsibilities with a view to creating an inclusive, resilient and equality-based society. Realizing these factors, project Possibility had arranged a training on Gender Transformative Approach (GTA) for gender diverse youths on 23rd and 24th April, 2019. This was financially supported by Mama Cash by targeted SDGs.

